

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট- এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
(বোর্ড প্রশাসন-১ শাখা)
www.nbr.gov.bd



নথি নং- ০৮.০১.০০০০.০০১.১৯.০৩৮.২৪/১২/৩

তারিখ: ২৪ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৭ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ


বিষয়ঃ বহুমুখী পাটপণ্যের ব্যবহার নিশ্চিতকরণ সংক্রান্ত নির্দেশনা।

সূত্র: (১) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের স্মারক নং- ০৮.০০.০০০০.০০০.০২৩.৬৩.০০১১.২৫.৭১, তারিখ: ২৫/০৩/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত বহুমুখী পাটপণ্যের ব্যবহার নিশ্চিতকরণ সংক্রান্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের জন্য এতদসঙ্গে সংযুক্ত করে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০২। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০৪। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাকে জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৬। প্রথম সচিব (সকল) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০৭। আইন কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ০৮। সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৯। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। দ্বিতীয় সচিব (সকল) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ১১। জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ১২। হিসাব রক্ষণ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ১৩। অফিস কপি/গার্ড ফাইল।


(মোহাম্মদ মোস্তাফিজুর রহমান)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১)
ইমেইলঃ nbrba1@gmail.com
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।



Signature

২৫-০৩-২০২৬

তানভীর হাসান চৌধুরী
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০১.২৬.১৪৫

তারিখ: ১ চেত্র ১৪৩২ বঙ্গাব্দ
১৫ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: বহুমুখী পাটপণ্যের ব্যবহার নিশ্চিতকরণ।

(বর্তমান বিশ্বে জলবায়ু পরিবর্তন, পরিবেশ দূষণ এবং বিদ্যুৎ ও জ্বালানি সংকটের মতো বিভিন্ন বৈশ্বিক সমস্যার প্রেক্ষাপটে পরিবেশবান্ধব উপকরণের ব্যবহার ক্রমেই অধিক গুরুত্ব লাভ করছে। অফিস ও দৈনন্দিন জীবনে বহুমুখী পাটপণ্যের ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের ১৫ মার্চ ২০২৬ তারিখের ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০১.২৬.১৪২ সংখ্যক পত্র জারি করা হয়েছে।) ৩

২। এমতাবস্থায়, জারীকৃত পত্রটি এতৎসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তি: বর্ণনামত।

সংযুক্তি:

(১) বর্ণনামত।

১৫-০৩-২০২৬

তানিয়া আফরোজ

উপসচিব

ফোন : ২২৬৬৪১০৪৮

ইমেইল : general_sec@cabinet.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব/সচিব (সকল)।
- ২। কমিশনার (সকল বিভাগ)।
- ৩। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১ (যুগ্মসচিব), প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৪। জেলা প্রশাসক (সকল) এবং
- ৫। সকল কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০১.২৬.১৪২

তারিখ: ০১ চৈত্র ১৪৩২
১৫ মার্চ ২০২৬

বিষয়: বহুমুখী পাটপণ্যের ব্যবহার নিশ্চিতকরণ।

বর্তমান বিশ্বে জলবায়ু পরিবর্তন, পরিবেশ দূষণ এবং বিদ্যুৎ ও জ্বালানি সংকটের মতো বিভিন্ন বৈশ্বিক সমস্যার প্রেক্ষাপটে পরিবেশবান্ধব উপকরণের ব্যবহার ক্রমেই অধিক গুরুত্ব লাভ করেছে। টেকসই উন্নয়ন নিশ্চিত করা এবং পরিবেশ সংরক্ষণে কার্যকর ভূমিকা রাখার লক্ষ্যে প্লাস্টিক ও পলিইথিলিন পণ্যের বিপরীতে প্রাকৃতিক ও পুনর্ব্যবহারযোগ্য উপকরণের ব্যবহার বর্তমান সময়ের অপরিহার্য চাহিদা। এ পরিপ্রেক্ষিতে কর্মক্ষেত্রে পরিবেশবান্ধব উদ্যোগ বাস্তবায়ন এবং স্বাস্থ্যকর কর্মপরিবেশ নিশ্চিত করার উদ্দেশ্যে পাটপণ্য ব্যবহারের বিষয়টি বিশেষভাবে বিবেচনা করা প্রয়োজন। পাট আমাদের দেশের একটি গুরুত্বপূর্ণ অর্থকরী ফসল এবং এর বহুমুখী ব্যবহার দেশের অর্থনীতি ও পরিবেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

২। বাংলাদেশে বর্তমানে দৃষ্টিনন্দন নানাবিধ পাটপণ্য প্রস্তুত হচ্ছে। তন্মধ্যে অফিস ও দৈনন্দিন জীবনে ব্যবহারযোগ্য বহুমুখী পাটপণ্যসমূহ হলো- অফিস কক্ষের পর্দা, অফিস ব্যাগ, শপিং ব্যাগ, সেমিনার ব্যাগ, স্কুল ব্যাগ, কলেজ ব্যাগ, সাইট ব্যাগ, মানি ব্যাগ, এক্সিকিউটিভ ব্যাগ, ফাইল, ফোল্ডার, পেন হোল্ডার, টিস্যু বক্স, বুক মার্কার, টোট ব্যাগ, কবি ব্যাগ, ক্যালেন্ডার, কোস্টার, নোট প্যাড, ডাইরি, চাবির রিং, ডাক ফাইল, শো-পিছ, পাটের ক্যানভাসে ছবি, ট্যাপেস্ট্রি, ব্যাকপ্যাক, কার্ড হোল্ডার, ভিজিটিং কার্ড, ইনভেলাপ ইত্যাদি।

৩। এমতাবস্থায়, সকল সরকারি, স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থা এবং কর্পোরেশনসহ সংশ্লিষ্ট সকল দপ্তরে বহুমুখী পাটপণ্যের ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে স্ব স্ব নিয়ন্ত্রণাধীন দপ্তর ও সংস্থাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(তানিয়া আফরোজ)

উপসচিব

• ফোন: ০২-২২৬৬৪১০৪৮

general_sec@cabinet.gov.bd

- ১। সিনিয়র সচিব/সচিব (সকল)।
- ২। কমিশনার (সকল বিভাগ)।
- ৩। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৪। জেলা প্রশাসক (সকল)।
- ৫। সকল কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ।